# স্ত্রী-প্রত্যয়

সংস্কৃতে বিভিন্ন অর্থে স্ত্রী-প্রত্যয় প্রযুক্ত হয়। অনেক স্থলে লিঙ্গের (sex) সঙ্গে ইহার কোনও সম্বন্ধ থাকে না। যেমন—ত্রিফলী, পঞ্চাজী, যবনানী ইত্যাদি।

পাণিনির সাতটি স্ত্রী-প্রত্যয় শেষপর্যন্ত দাঁড়ায় তিনটিতে **আ** (টাপ্, ডাপ্, চাপ্), **ঈ** (ঙীপ্, ঙীষ্, ঙীন্) এবং **ঊ** (ঊঙ্)। যুবন্ শব্দের স্ত্রীলিঙ্গে যুবতি শব্দের 'তি' (*যূনস্তিঃ* ৪।১।৭৭) পাণিনি মতে তদ্ধিত-প্রত্যয়।

## টাপ্

১-২। **স্ত্রিয়াম্** (৪।১।৩), **অজাদ্যতষ্টাপ্** (৪।১।৪)—অজ প্রভৃতি শব্দের উত্তর এবং অ-কারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে টাপ্ হয়। যথা, অজ—অজা, চটক—চটকা, অশ্ব—অশ্বা, এড়ক (ram)—এড়কা, মূষিক—মূষিকা, কোকিল—কোকিলা, নন্দন—নন্দনা **(ইহাদের উত্তর জাতিত্ব-নিবন্ধন ঙীষ্ হয় না।)** ; বাল—বালা, বৎস—বৎসা, হোড় (disobedient boy)—হোড়া। পাক (child)—পাকা, মন্দ (foolish boy)—মন্দা, বিলাত (boy)—বিলাতা **(ইহাদের উত্তর '*বয়সি প্রথমে*' বলিয়া ঙীপ্ হয় না।)** ; দ্বিগুসমাসে ঙীপ্ হয়। যথা, পঞ্চাজী, ত্রয়াণাং ফলানাং সমাহারঃ ইতি দ্বিগুসমাসে তু **ত্রিফলা** অজাদিত্বাৎ, এবং দ্বিফলা, ত্র্যনীকা। **শূদ্রা চামহৎপূর্বা জাতিঃ**—মহৎ শব্দ পূর্বে না থাকিলে শূদ্র শব্দের উত্তর জাতিতে টাপ্ হয়। যথা, শূদ্র—শূদ্রা। মহাশূদ্র (cowherd)—মহাশূদ্রী। **কিন্তু শূদ্রস্য স্ত্রী—শূদ্রী।** **মূলান্নঞঃ**—নঞ্‌পূর্বক মূলশব্দের উত্তর টাপ্ হয়। যথা, অমূলা।

৩। **প্রত্যয়স্থাৎ কাৎ পূর্বস্যাত ইদাপ্যসুপঃ** (৭।৩।৪৪)—স্ত্রীলিঙ্গ আপ্ প্রত্যয় পরে থাকিলে প্রত্যয়স্থ ক-কারের পূর্ববর্তী অ-কারস্থানে ই-কার হয়। যথা, বালক—বালিকা, জটিলক—জটিলিকা, মুণ্ডক—মুণ্ডিকা, কারক—কারিকা, পাচক—পাচিকা, বোধক—বোধিকা, সাধক—সাধিকা, পরিব্রাজক—পরিব্রাজিকা, **সেবক (সেবাকারী)—সেবিকা। পূর্বে লুপ্তবিভক্তি শব্দ থাকিলে হয় না** ; যথা, বহুপরিব্রাজকা-নগরী। **মামক-নরকয়োরুপসংখ্যানম্**—যথা, মামক—মামিকা, নরক—

Scanned with CamScanner

## ঙীপ্

**৫। ঋন্নেভ্যো ঙীপ্** (৪।১।৫)—(মুখ্য ও গৌণ) ঋ-কারান্ত এবং ন-কারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়। যথা, কর্তৃ—কর্ত্রী, দাতৃ—দাত্রী, নপ্তৃ (পৌত্র)—নপ্ত্রী, গন্তৃ—গন্ত্রী, জনয়িতৃ—জনয়িত্রী, প্রসবিতৃ—প্রসবিত্রী, ক্রোষ্টৃ (তৃজ্বৎ)—ক্রোষ্ট্রী, কর্তারমতিক্রান্তা অতিকর্ত্রী নারী। দণ্ডিন্—দণ্ডিনী, গুণিন্—গুণিনী, পক্ষিন্—পক্ষিণী, রাজন্—রাজ্ঞী, মঘবন্—মঘোনী। মঘবৎ—মঘবতী, শ্বন্—শুনী। **যূনস্তিঃ** (৪।১।৭৭)—যুবন্ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে 'তি' হয়। যথা, যুবন্—যুবতিঃ। **যুবৎ (যু + শতৃ) শব্দের স্ত্রীলিঙ্গে—যুবতী।**

**৬। উগিতশ্চ** (৪।১।৬)—মুখ্য ও গৌণ উভয় প্রকার উ-কার-ইৎ এবং ঋ-কার-ইৎ-প্রত্যয়ান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়। যথা, **ক্বসু,**

Scanned with CamScanner

বিদ্বস্—বিদুষী, জগ্মিবস্—জগ্মুষী, নিষেদিবস্—নিষেদুষী। **ঈয়সুন্**, শ্রেয়স্—শ্রেয়সী, বর্ষীয়স্—বর্ষীয়সী। **মতুপ্**, শ্রীমত্—শ্রীমতী, বলবৎ—বলবতী। **বতুপ্**, যাবৎ—যাবতী, তাবৎ—তাবতী, ইয়ৎ—ইয়তী। **ডবতু**, ভবৎ—ভবতী, অতিভবৎ—অতিভবতী। **ক্তবতু**, গতবৎ—গতবতী, দৃষ্টবৎ—দৃষ্টবতী। **শতৃ**, সৎ—সতী, রুদৎ—রুদতী, দদৎ—দদতী, শৃণ্বৎ—শৃণ্বতী, জানৎ—জানতী, কুর্বৎ—কুর্বতী। **ধাতোরুগিতঃ প্রতিষেধঃ**—ধাতুর উ-কার হইলে ইৎ হয় না। যথা, উখাস্রৎ (স্রন্সু + ক্বিপ্)। **অঞ্চতেশ্চোপসংখ্যানম্**—যথা, প্রাচ্—প্রাচী, প্রত্যচ্—প্রতীচী, অবাচ্—অবাচী, উদচ্—উদীচী। প্র + অঞ্চু + ক্বিন্ = প্রাচ্।

**(ক) শপ্শ্যনোর্নিত্যম্** (৭।১।৮১)—ভ্বাদি ও দিবাদি ধাতুর শতৃ-প্রত্যয়ান্ত শব্দের উত্তর নিত্য ন-কার আগম হয়। যথা, গচ্ছৎ—গচ্ছন্তী, হসৎ—হসন্তী, দীব্যৎ—দীব্যন্তী, নৃত্যৎ—নৃত্যন্তী। চুরাদি, ণিজন্ত, সনন্ত ও নামধাতুর রূপ ভ্বাদি ধাতুর ন্যায়; এইজন্য ইহাদেরও শতৃ-প্রত্যয়ের স্ত্রীলিঙ্গে ন-কার আগম হয়। যথা, চিন্তয়ৎ—চিন্তয়ন্তী, গণয়ৎ—গণয়ন্তী; গময়ৎ—গময়ন্তী; দর্শয়ৎ—দর্শয়ন্তী; চিকীর্ষৎ—চিকীর্ষন্তী, জিগীষৎ—জিগীষন্তী; পুত্রীয়ৎ—পুত্রীয়ন্তী, পুত্রকাম্যৎ—পুত্রকাম্যন্তী।

**(খ) আচ্ছীনদ্যোর্নুম্** (৭।১।৮০)—ক্লীবলিঙ্গ ঔ-বিভক্তিতে এবং স্ত্রীলিঙ্গ ঈ-প্রত্যয়ে অ-বর্ণান্ত শব্দের পরবর্তী শতৃ-প্রত্যয়ান্ত শব্দের উত্তর **বিকল্পে ন-কার আগম হয়।** যথা, তুদৎ—তুদতী, তুদন্তী; ইচ্ছৎ—ইচ্ছতী, ইচ্ছন্তী; সিঞ্চৎ—সিঞ্চতী, সিঞ্চন্তী; যাৎ—যাতী, যান্তী; ভাৎ—ভাতী, ভান্তী। **স্যতৃ**, ভবিষ্যৎ—ভবিষ্যতী, ভবিষ্যন্তী ; করিষ্যৎ—করিষ্যতী, করিষ্যন্তী।[১]

**৭। যঞশ্চ** (৪।১।১৬)—অপত্যার্থক যঞ্-প্রত্যয়ান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীপ্-প্রত্যয় হয়। যথা, গার্গ্য—গার্গী (গর্গস্য অপত্যঃ স্ত্রী, **'হলস্তদ্ধিতস্য'** এই সূত্রে ৬।৪।১৫০ **য্ লোপ**), বাৎস্য—বাৎসী।

**৮। বয়সি প্রথমে** (৪।১।২০)—বৃদ্ধত্ব ভিন্ন বয়স-বাচক অ-কারান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঙীপ্ হয়। যথা, কুমার—কুমারী, কিশোর—কিশোরী,

(১) পচাদিগণে নদট্ চরট্ ইত্যাদি শব্দ গঠিত হইয়াছে।

Scanned with CamScanner